

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৮.২০১২-

তারিখঃ ----- খ্রিঃ।

বিষয় : বিভাগীয় মামলায় আরোপিত দণ্ডদেশ মোতাবেক যুব ঋণের অর্থ জমাদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ আব্দুল ছালেক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মদন, নেত্রকোনা(পূর্ববর্তী কর্মস্থল-কালিয়াকৈর, গাজীপুর)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় অত্র দপ্তরের ২৯-৮-২০১১ খ্রিঃ তারিখের ৫৬৯ সংখ্যক স্মারকে নিম্নোক্ত দণ্ডারোপ করা হয়ঃ

ক) সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিতে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(এ) ধারার বিধান মতে তাকে ০৩(তিন) বছরের জন্য নিম্নপদে অর্থাৎ “ক্রেডিট সুপারভাইজার পদে” অবনমিতকরণ দণ্ড আরোপ করা হলো ;

খ) একই সাথে জনাব মোহাম্মদ আব্দুল ছালেক কর্তৃক যুব ঋণের আত্মসাতকৃত মোট(১,৬০,৪০১+৭৮,২২২/৫০)= ২,৩৮,৬২৩/৫০ (দুই লক্ষ আটত্রিশ হাজার ছয়শত তেইশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা ট্রেজারী রুলস্ এস, আর-৫৭০ এর মর্মানুসারে মাসিক বেতন হতে ১/৩(এক তৃতীয়াংশ) হারে কর্তনপূর্বক সমন্বয় না হওয়া পর্যন্ত কালিয়াকৈর, গাজীপুর সংশ্লিষ্ট খাতে জমা করার নির্দেশ প্রদান করা হলো।

তিনি উক্ত দণ্ডদেশের বিপক্ষে এ,টি মোকদ্দমা নং-৬৩/২০১৪(নতুন), ৮৪/২০১২(পুরাতন) দায়ের করেন। দীর্ঘ দোতরফা শুনানীঅন্তে বিজ্ঞ আদালত গত ২৭-৪-২০১৭ খ্রিঃ তারিখে “অত্র প্রশাসনিক ট্রাইব্যুনালে দায়েরকৃত এটি মামলাটি দোতরফা শুনানীঅন্তে নামঞ্জুর(disallowed) করা হইল” মর্মে নিষ্পত্তি করা হয়। অর্থাৎ রায়ে সরকার পক্ষ জয়লাভ করে। ইতোমধ্যে ০৩(তিন) বছর অতিবাহিত হওয়ায় তিনি তার পূর্বপদ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা হিসেবে কর্মরত আছেন। যেহেতু প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক তার মোকদ্দমাটি না-মঞ্জুর করা হয়েছে সেহেতু, বিভাগীয় মামলায় আরোপিত দণ্ডদেশ মোতাবেক আত্মসাতকৃত যুব ঋণের মোট (১,৬০,৪০১+৭৮,২২২/৫০)=২,৩৮,৬২৩/৫০ (দুই লক্ষ আটত্রিশ হাজার ছয়শত তেইশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা জমা প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। এমতাবস্থায়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোহাম্মদ আব্দুল ছালেক কর্তৃক আত্মসাতকৃত টাকা জমাদানের সর্বশেষ অবস্থা জরুরীভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
(শিশির কুমার রায়)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫০৮৬৩

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কালিয়াকৈর, গাজীপুর।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৮.২০১২- ২৭

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ

তারিখঃ ২৬/৭/১৭ খ্রিঃ।

- ০১। পরিচালক(দারিদ্র বিমোচন ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নেত্রকোনা-কে পত্রের নির্দেশনা বাস্তবায়নের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর।
- ০৫। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মদন, নেত্রকোনা-কে পত্রের নির্দেশনা বাস্তবায়নে অনুরোধ করা হলো।
- ০৭। জনাব মোহাম্মদ আব্দুল ছালেক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মদন, নেত্রকোনাকে আত্মসাতকৃত সমুদয় টাকা বিধি মোতাবেক বর্ণিত কার্যালয়ে জমাদানপূর্বক(প্রমানকসহ) প্রধান কার্যালয়কে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোনঃ ৯৫৫১৮৫৯